“আল্লাহর হুকুম অর্থাৎ কিয়ামত আসা পর্যন্ত আমার উম্মাতের এক জামাআত সর্বদাই বিজয়ী থাকবে। আর তাঁরা হলেন (সেই দল যারা প্রতিপক্ষের উপর) প্রভাবশালী।”

মুগীরাহ ইবনু শু‘বাহ রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: “আল্লাহর হুকুম অর্থাৎ কিয়ামত আসা পর্যন্ত আমার উম্মাতের এক জামাআত সর্বদাই বিজয়ী থাকবে। আর তাঁরা হলেন (সেই দল যারা প্রতিপক্ষের উপর) প্রভাবশালী।”
[সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন যে, আমার উম্মতের একটি দল সর্বদা মানুষের ওপর বিজয়ী ও প্রাধান্য বিস্তারকারী থাকবে। তারা তাদের বিরোধীদের ওপর বিজয়ী হবে, এবং এই অবস্থা অব্যাহত থাকবে, যতক্ষণ না শেষ সময়ে আল্লাহর নির্দেশে তাদের রূহ কবজ করা হয়, কিয়ামত সংঘটিত হওয়ার আগে।

http://www.sunnah.global/hadeeth/bn/show/65879